

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd



স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৫০.২১- ৬৮

তারিখঃ ০২ আগস্ট, ১৪২৯
২৬ জুন ২০২২

বিষয়: ২০২৩ থেকে ২০২৪ মেয়াদে (দুই বছর) জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের লক্ষ্যে বিশেষ শ্রেণিভুক্ত যুব'র মনোনয়ন প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর আলোকে ২০২৩ থেকে ২০২৪ মেয়াদের (দুই বছর) জন্য জাতীয় যুব কাউন্সিল গঠনের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক বিশেষ শ্রেণিভুক্ত- বিশেষ চাহিদা সম্পন্ন যুব, উদ্যোগী যুব, ক্রীড়াবিদ, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিকগোষ্ঠী, দলিত, তৃতীয় লিঙ্গের যুব'র মনোনয়ন প্রস্তাব আবশ্যিকভাবে জুলাই, ২০২২ এর মধ্যে মহাপরিচালক (গ্রেড-১) যুব উন্নয়ন অধিদপ্তর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

(ক) মনোনীত যুব'র বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতা অন্যান্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের হতে হবে। তবে কোনো যোগ্য নারী না পাওয়া গেলে, সেই ক্ষেত্রে উক্ত নারীর শিক্ষাগত যোগ্যতা অন্যান্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের হতে হবে।

(গ) বিশেষ চাহিদা সম্পন্ন যুব, উদ্যোগী যুব, ক্রীড়াবিদ, ক্ষুদ্র নৃ- তাত্ত্বিকগোষ্ঠী (যদি পাওয়া যায়), দলিত শ্রেণির (যদি পাওয়া যায়) ক্ষেত্রে ০১ (এক) জন যুব পুরুষ ও ০১ (এক) জন যুব নারী এবং তৃতীয় লিঙ্গের ০১ (এক) জন (যদি পাওয়া যায়) যুব'র মনোনয়ন প্রস্তাব নিম্নোক্ত ছকে প্রেরণ করতে হবে।

(ঘ) উপজেলা থেকে প্রাপ্ত প্রস্তাব সমন্বিত করে জেলা প্রশাসকের অনুমোদন নিয়ে চূড়ান্তভাবে নির্বাচন করতে হবে।

(ঙ) কোনো ক্যাটাগরিতে প্রার্থী না পাওয়া গেলে মনোনয়ন পত্রে তার কারণ উল্লেখ করতে হবে।

ক্রমিক	ক্যাটাগরি	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম ও ঠিকানা	জাতীয় পরিচয় পত্র নম্বর	জন্ম তারিখ ও ৩০ জুন, ২০২২ তারিখে বয়স	সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা	যুব কার্যক্রমে সম্পৃক্ততা ও অভিজ্ঞতার মেয়াদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সকল) জেলা।


২৬/৬/২০২২
(মো: আজহারুল ইসলাম খান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
Email: dg@dyd.gov.bd

অনুলিপি:

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৫০.২১-৬৮৮

তারিখঃ ০২ জানুয়ারি ১৪২৮
১৬/১/২০২২

- ০১। জেলা প্রশাসক-----সকল) জেলা।
০২। উপজেলা নির্বাহী অফিসার-----সকল) উপজেলা।
০৩। কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি শাখা), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-----সকল),-----উপজেলা, যুব উন্নয়ন অধিদপ্তর।
০৫। অফিস কপি।



(মো: আ: হামিদ খান)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ও

বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন (অ: দা:)

ফোন:০২-২২৩৩৮৯৩১০